# প্রেস বিজ্ঞপ্তি
## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৩৩টি প্রতিষ্ঠানকে ১.৬০ লক্ষ টাকা জরিমানা

**২৭ অক্টোবর ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, দিনাজপুর, মাদারীপুর, টাঙ্গাইল, গোপালগঞ্জ, রাজশাহী, কুষ্টিয়া, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মাগুরা ও নেত্রকোণায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ভাগ্যকুল সুইটসকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে আব্দুল্লাহ স্টোরকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে মেসার্স মা ফার্মাকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে স্টার আলী ক্যাফে এন্ড রেস্টুরেন্টকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রামের বিভিন্ন এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জ সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুরের পার্বতীপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের রাজৈর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে ৬,৫০০/- **(ছয় হাজার পাঁচশত)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইল সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে ৩,০০০/- **(তিন হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে ৪,০০০/- **(চার হাজার)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর গোদাগাড়ী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে ৪,০০০/- **(চার হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে ৭,০০০/- **(সাত হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জের শায়েস্তাগঞ্জ থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **১০,৫০০/- (দশ হাজার পাঁচশত)** টাকা, মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে মাগুরা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণার কেন্দুয়া থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে ৪,০০০/- **(চার হাজার)** টাকাসহ মোট **৯৫,০০০/- (পঁচানব্বই হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, ওজনে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, পরিমাপে কারচুপি, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় এবং মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **১৪টি** বাজার তদারকির মাধ্যমে **৩৩টি** প্রতিষ্ঠানকে মোট **১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ২৫ অক্টোবর ২০১৬ তারিখে গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, মৎস্য কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট ও বরিশাল মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, দিনাজপুর, মাদারীপুর, টাঙ্গাইল, গোপালগঞ্জ, রাজশাহী, কুষ্টিয়া, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মাগুরা ও নেত্রকোণা।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, দিনাজপুর, মাদারীপুর, টাঙ্গাইল, গোপালগঞ্জ, রাজশাহী, কুষ্টিয়া, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মাগুরা ও নেত্রকোণা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।